দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 14 APR 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ২ ...

জাতীয় বিশ্ববিদ্যালয়

# অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা শুরু ৬ মে

■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স নিয়মিত (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস অনুযায়ী) পরীক্ষা আগামী ৬ মে শুরু হবে। আগামী ৭ জুন পর্যন্ত এ পরীক্ষা চলবে। বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। আগামী ৬ মে থেকে ২৫ মে পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষাসমূহ প্রতিদিন দুপুর ২টা থেকে শুরু হবে। তবে পবিত্র রমজান মাসে ২৯ মে থেকে ৭ জুন পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষাসমূহ প্রতিদিন সকাল ৯টা থেকে শুরু হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nu.edu.bd) এ পাওয়া যাবে।